ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

ঢাকা বিশ্ববিদ্যালয়

৩৩ বর্ষ ১০ম ও ১১তম সংখ্যা | ওয়েবসাইট : http://www.du.ac.bd (DU Barta) | ১ আষাঢ় ১৪২৬, ১৫ জুন ২০১৯

উপাচার্যের জাপান সফর

অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান জাপানের নারা উইমেন্স বিশ্ববিদ্যালয়ের ১১০তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন অনুষ্ঠানে যোগ দিতে গত ১৬ মে ২০১৯ রাতে সিঙ্গাপুর এয়ারলাইনস্-এর একটি ফ্লাইটে ঢাকা ত্যাগ করেন।

তিনি উক্ত অনুষ্ঠানে বক্তৃতা প্রদান করেন এবং নারা উইমেন্স বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ ও শিক্ষাবিদদের সাথে স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে মতবিনিময় করেন।

গত ১৯ মে ২০১৯ রবিবার মধ্যরাতে সিঙ্গাপুর এয়ারলাইনস্-এর আরেকটি ফ্লাইটে তিনি দেশে ফিরে আসেন।

উপাচার্যের অনুপস্থিতিতে প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উপাচার্য-এর রুটিন দায়িত্ব পালন করেন।

উচ্চশিক্ষায় বাজেট শীর্ষক প্রাক বাজেট সেমিনার

শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে উচ্চশিক্ষা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি করতে হবে-উপাচার্য

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অন বাজেট এন্ড পলিসির উদ্যোগে " টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উচ্চশিক্ষায় বাজেট" শীর্ষক এক প্রাক বাজেট সেমিনার গত ২৫ মে ২০১৯ অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সেমিনার উদ্বোধন করেন। অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি প্রধান অতিথি ছিলেন। এসময় উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ ও সেন্টার অন বাজেট এন্ড পলিসির চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, ঢাবি শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, অধ্যাপক ড. আতিউর রহমান ও সেন্টার অন বাজেট এন্ড পলিসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ।

ঢাকা বিশ্ববিদ্যালয় সেন্টার অন বাজেট এন্ড পলিসির উদ্যোগে "টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে উচ্চশিক্ষায় বাজেট" শীর্ষক এক প্রাক বাজেট সেমিনার গত ২৫ মে ২০১৯ শনিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই সেমিনার উদ্বোধন করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ ও সেন্টার অন বাজেট এন্ড পলিসির চেয়ারম্যান অধ্যাপক ড. মো: কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি প্রধান অতিথি এবং ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ঢাকা বিশ্ববিদ্যালয় উন্নয়ন অধ্যয়ন বিভাগের অনারারি অধ্যাপক ড. আতিউর রহমান ও সেন্টার অন বাজেট এন্ড পলিসির পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফ। স্বাগত বক্তব্য দেন ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. নিয়াজ আহমেদ খান।

পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এমপি আধুনিক ও উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তরুণ প্রজন্মের প্রতি আহ্বান জানান। তিনি বলেন, জাতীয় বাজেট প্রণয়ন ও দেশের আর্থ-সামাজিক উন্নয়নের ক্ষেত্রে নাগরিকদের গঠনমূলক পরামর্শ বিবেচনা করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সর্বস্তরে শিক্ষার গুণগত মান উন্নয়নের লক্ষ্যে উচ্চশিক্ষা খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন।

মূল প্রবন্ধে জাতীয় বাজেটে শিক্ষা ও গবেষণা খাতে পৃথক পৃথক বরাদ্দের ওপর গুরুত্বারোপ করা হয়। প্রবন্ধকারগণ বলেন, উচ্চশিক্ষার গুণগত মান নিশ্চিত করতে টেকসই পদক্ষেপ গ্রহণ করতে হবে। উচ্চশিক্ষায় সাফল্য অর্জন করা গেলে দেশের দারিদ্র বিমোচনও সম্ভব হবে। তারা সমাজের চাহিদা অনুযায়ী গ্রাজুয়েট তৈরি, কারিগরি শিক্ষার উন্নয়ন, দক্ষ মানব সম্পদ সৃষ্টি, শিক্ষার্থীদের উদ্যোক্তা হিসেবে প্রস্তুত করা, বাজেটের সঠিক বাস্তবায়ন এবং অপচয় রোধে এপ্রিল-মার্চকে অর্থবছর নির্ধারন করার প্রস্তাব দেন।

ঢাবি সিনেটের বার্ষিক অধিবেশন আগামী ২৬ জুন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশন আগামী ২৬ জুন ২০১৯ বুধবার বেলা ৩টায় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর ২১ ধারায় অর্পিত ক্ষমতাবলে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এই অধিবেশন আহ্বান করেছেন।

ঢাবি সিনেটে পাঁচ ছাত্র প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের সদস্য হিসেবে ৫ (পাঁচ) জন ছাত্র প্রতিনিধিকে মনোনীত করা হয়েছে। মনোনীত ছাত্র প্রতিনিধিরা হলেন ডাকসু'র ভিপি নুরুল হক নুর, জিএস গোলাম রব্বানী, সদস্য তিলোত্তমা শিকদার, ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি রেজওয়ানুল হক চৌধুরী শোভন এবং ঢাবি শাখা ছাত্রলীগের সভাপতি সঞ্জিত চন্দ্র দাস।

সিন্ডিকেটে তদন্ত প্রতিবেদন পেশ

ডাকসু নির্বাচনে কোন কারচুপির ঘটনা ঘটেনি

দীর্ঘ প্রায় তিন দশক পর গত ১১ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিত ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে কিছু প্রার্থী ও প্যানেলের পক্ষ থেকে ভোটদানে বাধা প্রদান, অনাবাসিক শিক্ষার্থীদের ভোট কেন্দ্রে ঢুকতে না দেওয়া, ভোট কারচুপি, প্রার্থীদের ওপর হামলা, ভোট বাক্স নিয়ে লুকোচুরিসহ উত্থাপিত কতিপয় অভিযোগের বিষয়ে খতিয়ে দেখতে গত ২৮-৩-২০১৯ তারিখে সিন্ডিকেট কর্তৃক গঠিত তদন্ত কমিটির প্রতিবেদন গত ২৯ মে ২০১৯ তারিখ সিন্ডিকেটে উপস্থাপিত হয়।

তদন্ত কমিটির প্রতিবেদনে জানানো হয়, ডাকসু ও হল সংসদ নির্বাচনে কোন কারচুপির ঘটনা ঘটেনি। দুঃখজনক হলেও সত্য যে, অভিযোগকারী কতিপয় শিক্ষক ও শিক্ষার্থী রোকেয়া হলে 'ব্যালট-বাক্স' এবং 'ব্যালট পেপার রক্ষিত ট্রাঙ্কের' মধ্যে তফাৎ বুঝেনি এবং কিছু গণমাধ্যমও এ ব্যাপারে বিভ্রান্তি ছড়িয়েছে। একেবারেই ভুল বুঝাবুঝির জন্য এ ধরনের একটি পরিস্থিতির উদ্রেক হয়েছিল।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, কোন শিক্ষার্থী কোথাও একাধিকবার ভোট দিয়েছে বা একজনের ভোট অন্যজনে দিয়েছে বা কোন শিক্ষার্থী ভোট দিতে চেয়েছে কিন্তু ভোট দিতে পারেনি এমন সব ঘটনার কোন প্রমাণ পাওয়া যায়নি। তবে ভোট গ্রহণ কার্যক্রমে ধীরগতি (স্লথ) আনার জন্য দু'একটি ভোটকেন্দ্রে কৃত্রিমভাবে দীর্ঘ লাইন করা হয়েছে এবং ভোট কেন্দ্রের বাইরে শিক্ষার্থী-ভোটারদের মাঝে অযাচিত কিছু বিশৃঙ্খলার ঘটনা ঘটেছে। তবে এসবের কারণে ভোট প্রদান ও ভোট গ্রহণের সার্বিক কার্যক্রম বাধাগ্রস্ত হয়নি এবং ভোটের ফলাফলে কোন প্রভাব পড়েনি। তাই এ অভিযোগের ভিত্তিতে পুনরায় ভোট গ্রহণের দাবি যুক্তিসঙ্গত নয়। (২য় পৃষ্ঠায় দেখুন)

ঢাবি'র শতবর্ষ উৎসব উদ্‌যাপন উপলক্ষে প্রস্তুতি সভা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উৎসব উদ্‌যাপন উপলক্ষে গঠিত বিভিন্ন উপ-কমিটির এক প্রস্তুতি সভা গত ১৫ মে ২০১৯ উপাচার্য কার্যালয় সংলগ্ন লাউঞ্জে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সাবেক উপাচার্য অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. তোফায়েল আহমদ চৌধুরী, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, জীব বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. ইমদাদুল হক, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস অনুষদের ডিন অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেন, অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, অধ্যাপক ড. লুৎফর রহমান, অধ্যাপক ডা. এ কে আজাদ খান, সিনেট সদস্য রামেন্দু মজুমদার, আইসিটি সেল-এর পরিচালক ড. মোহাম্মদ আসিফ হোসেন খান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষপূর্তি উৎসব উদ্‌যাপন উপলক্ষে গৃহীত বিভিন্ন কর্মসূচির অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। এসময় 'রাষ্ট্র বিনির্মাণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা' শীর্ষক স্মারক গ্রন্থ, 'সেন্টিনারি ভলিউম' শীর্ষক জার্নাল ও কনভোকেশন বক্তৃতা নিয়ে ভলিউম প্রকাশ, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস' শীর্ষক গ্রন্থ রচনা, সপ্তাহ ব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান, বিদেশে প্রতিষ্ঠিত ও খ্যাতিমান প্রাক্তন শিক্ষার্থীদের নিয়ে সম্মেলন আয়োজন, শিক্ষার্থীদের কল্যাণে বিশ্ববিদ্যালয় তহবিল গঠন, ল্যান্ডমার্ক টাওয়ার নির্মাণ, বুকশপ প্রতিষ্ঠাসহ বিভিন্ন কর্মসূচি পর্যালোচনা করা হয় এবং এসব কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন উপ-কমিটির কার্যক্রম আরও গতিশীল করার ওপর গুরুত্বারোপ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন কমিটির এক প্রস্তুতি সভা গত ২৩ মে ২০১৯ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় আগামী ১ জুলাই ২০১৯ বিশ্ববিদ্যালয় দিবস উদ্‌যাপন উপলক্ষে বিভিন্ন কর্মসূচি প্রণয়ন নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, রেজিস্ট্রার মো. এনামউজ্জামান, সিনেট ও সিন্ডিকেট সদস্যবৃন্দ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন হলের প্রভোস্ট, বিভাগীয় চেয়াম্যানগণ, শিক্ষক সমিতির নেতৃবৃন্দ, অফিস প্রধানগণ, ডাকসু'র নেতৃবৃন্দ ও বিভিন্ন সমিতির প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসের প্রতিপাদ্য "গুণগত শিক্ষা, প্রতিবন্ধকতা ও উত্তরণ" নির্ধারণ করা হয় এবং বিভিন্ন কর্মসূচি প্রণয়ন করা হয়।

কর্মসূচি অনুযায়ী দিবসটি উপলক্ষে ঐদিন সকাল ১০টায় প্রশাসনিক ভবন সংলগ্ন মলে জমায়েত হয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ও হলসমূহের পতাকা উত্তোলন শেষে ১০:৩০টায় শোভাযাত্রা সহকারে টিএসসিতে গমন করা হবে। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন। সকাল ১১টায় বিশ্ববিদ্যালয় ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হবে আলোচনা সভা। এতে "গুণগত শিক্ষা, প্রতিবন্ধকতা ও উত্তরণ" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করবেন ইংরেজি বিভাগের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী।

এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয় দিবসে চারুকলা অনুষদের উদ্যোগে শিশুদের জন্য চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হবে। দিবসটি উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদ, বিভাগ, ইনস্টিটিউট, হল এবং ডাকসু'র উদ্যোগে আলোচনা সভাসহ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে।

পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৪২জন শিক্ষার্থীকে বহিস্কার

পরীক্ষায় অসদুপায় অবলম্বনসহ বিভিন্ন অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং অধিভুক্ত সাত কলেজের ৪২জন শিক্ষার্থীকে বিভিন্ন মেয়াদে বহিস্কার করা হয়েছে। গত ২৯ মে ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ ঈদ আনন্দ শোভাযাত্রা পরিষদের উদ্যোগে গত ৭ জুন ২০১৯ টিএসসি চত্বর থেকে ঈদ আনন্দ শোভাযাত্রা বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শোভাযাত্রায় নেতৃত্ব দেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)- এর কার্যনির্বাহী সভা গত ৩০ মে ২০১৯ কেন্দ্রীয় ছাত্র সংসদ ভবনে অনুষ্ঠিত হয়। সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও ডাকসু'র সভাপতি অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতিত্ব করেন। এ সময় অন্যান্যের মধ্যে ডাকসু'র কোষাধ্যক্ষ ও বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, ভিপি নুরুল হক নুর, জিএস গোলাম রাব্বানী ও এজিএস সাদ্দাম হোসেন উপস্থিত ছিলেন।

ডাকসু'র উদ্যোগে রবীন্দ্রনাথের জন্মবার্ষিকী উপলক্ষে বিশেষ বক্তৃতা

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু)'র উদ্যোগে বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৮তম জন্মবার্ষিকী উপলক্ষে গত ১২ মে ২০১৯ বিজনেজ স্টাডিজ অনুষদ মিলনায়তনে এক বিশেষ বক্তৃতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। ডাকসু'র ভিপি নুরুল হক নুর-এর সভাপতিত্বে অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. বিশ্বজিৎ ঘোষ। ডাকসু'র সাহিত্য সম্পাদক মাজহারুল কবির শয়নের সঞ্চালনায় এতে স্বাগত বক্তব্য রাখেন ডাকসু'র এজিএস সাদ্দাম হোসেন।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ বলেন, রবীন্দ্রনাথ তারুণ্যের কবি, তিনি সর্বদা তারুণ্যের জয়গান গেয়েছেন। ভারতবর্ষের জ্ঞান, বিজ্ঞান ও শিক্ষা নিয়ে রবীন্দ্রনাথ সবসময় চর্চা করতেন। রবীন্দ্রনাথ আমাদের কাছে প্রত্যেকটা ক্ষেত্রে প্রাসঙ্গিক, তাই প্রত্যেকটা অনুষ্ঠানে আমরা রবীন্দ্রনাথকে স্মরণ করি। তিনি আরও বলেন, রবীন্দ্রনাথের জীবনাদর্শন থেকে শিক্ষা নিয়ে আমরা দেশকে আরও এগিয়ে নিয়ে যাব, এই হোক রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫৮তম জন্মবার্ষিকীতে আমাদের সকলের অঙ্গীকার।

অনুষ্ঠানে ডাকসু ও বিভিন্ন হল সংসদের নেতৃবৃন্দ, বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের সদস্যবৃন্দ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ঢাবি বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতি'র ইফতার ও দোয়া মাহ্ফিল

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে গত ২৯ মে ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতির আয়োজনে এক ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

ঢাবি বরিশাল বিভাগীয় কল্যাণ সমিতির সভাপতি অধ্যাপক আবু জাফর মোহাম্মদ সালেহ-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ঢাবি স্যার পি. জে. হার্টগ ইন্টারন্যাশনাল হলের প্রাধ্যক্ষ ও ইফতার আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মো. মহিউদ্দিন। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমিতির সাধারণ সম্পাদক মো. ছরোয়ার হোসেন।

ডাকসু নির্বাচনে কোন কারচুপির ঘটনা ঘটেনি

(১ম পৃষ্ঠার পর)

প্রতিবেদনে বলা হয়, ভবিষ্যতে ডাকসু নির্বাচন সর্বাঙ্গীন সুন্দর করার জন্য ভোট প্রদানে অমোচনীয় কালি ব্যবহার, ব্যালট পেপারে সিরিয়াল নম্বর রাখা এবং ভোট প্রদান ও গ্রহণে আরও স্পষ্ট ও সুনির্দিষ্ট নীতিমালা প্রণয়ন করলে অনেক অযাচিত বিতর্কের অবসান ঘটবে।

ডাকসু নির্বাচনে একজন প্রার্থী মো. রাশেদ খান তদন্ত কমিটির সাক্ষাৎকারের কথোপকথন গোপনে মোবাইলে রেকর্ড করে তা পছন্দমাফিক এডিট করে বিভিন্ন সামাজিক মাধ্যমে প্রচার করে গর্হিত কাজ করেছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয় এবং সেজন্য তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হয়।

মূলত ডাকসু ও হল সংসদ নির্বাচনে ভিত্তিহীন তথ্য তথা গুজব ছড়িয়ে নির্বাচনকে বিতর্কিত করার একটি প্রয়াস কোন কোন মহলের ছিল।

উল্লেখ্য, বাংলাদেশ কুয়েত মৈত্রী হলে নির্বাচনে ভোট গ্রহণ শুরুর পূর্বেই ভোট কেন্দ্র সংলগ্ন একটি কক্ষ থেকে ব্যাগ ভর্তি ব্যবহৃত ব্যালট উদ্ধারের অনাকাঙ্খিত ঘটনাটির বিষয়ে যেহেতু তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল এবং বিষয়টি স্বতন্ত্র তদন্তাধীন রয়েছে, তাই এটি উল্লিখিত তদন্ত কমিটির আওতাভুক্ত ছিল না।

ঢাবি সাংবাদিক সমিতির ইফতার মাহ্ফিল ও মতবিনিময় সভা

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (ডুজা) আয়োজনে গত ২৪ মে ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র ক্যাফেটেরিয়ায় ইফতার মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ।

বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক শিক্ষার মানোন্নয়নকে বিবেচনায় নিয়ে এবারের মতবিনিময়ের বিষয় ছিল "আন্তর্জাতিক মানদণ্ডে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ও করণীয়"। এতে মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী।

ডুজার সভাপতি রায়হানুল ইসলাম আবির-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. এনামউজ্জামান এবং প্রক্টর অধ্যাপক ড. গোলাম রব্বানী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ডুজার সাধারন সম্পাদক মাহদী আল মুহতাসিম নিবিড়।

মমতাজউদদীন আহমদের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

একুশে পদকপ্রাপ্ত দেশবরেণ্য শিক্ষাবিদ, নাট্যব্যক্তিত্ব ও ভাষাসৈনিক মমতাজউদদীন আহমদ-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ৩ জুন ২০১৯ সোমবার এক শোকবাণীতে উপাচার্য বলেন, দেশের শিক্ষা, সাহিত্য ও সংস্কৃতির বিকাশে মমতাজউদদীন আহমদ অসামান্য অবদান রেখে গেছেন। একজন নাট্যকার, অভিনেতা ও ভাষাসৈনিক হিসেবে অসামান্য অবদানের জন্য তিনি দেশবাসীর কাছে স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, মমতাজউদদীন আহমদ গত ২ জুন ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৫ বছর।

খালিদ হোসেনের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

একুশে পদকপ্রাপ্ত বরেণ্য সংগীতশিল্পী খালিদ হোসেন-এর মৃত্যুতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গভীর শোক প্রকাশ করেছেন।

গত ২৩ মে ২০১৯ এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, বাংলাদেশের নজরুল সংগীতের জগতে একজন জনপ্রিয় ও খ্যাতিমান শিল্পী ছিলেন খালিদ হোসেন। তিনি নজরুল সঙ্গীতের পাশাপশি আধুনিক গান ও ইসলামিক গানের মাধ্যমে সকল মহলের মন জয় করেছেন। সঙ্গীতে অসামান্য অবদানের জন্য বিশেষ করে স্বরলিপিকার, সংগীতগুরু ও নজরুল গবেষক হিসেবে দেশবাসীর কাছে তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, খালিদ হোসেন গত ২২ মে ২০১৯ রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৪ বছর।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে গত ২৯ মে ২০১৯ বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে এক ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের সভাপতি ড. মোহাম্মদ শামছুল হক ভূঁইয়া-এর সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ-এর মহাপরিচালক আলী ওয়াজেদ জাফর (জাফর ওয়াজেদ)। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমিতির সাধারণ সম্পাদক এস এম বাহালুল মজনুন চুন্নু

ঢাকা বিশ্ববিদ্যালয় কলা অনুষদ আয়োজিত ইফতার মাহফিল গত ১৫ মে ২০১৯ কলাভবনের শিক্ষক লাউঞ্জে অনুষ্ঠিত হয়েছে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মো. দেলোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, ইফতার আয়োজন কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মুহাম্মদ আব্দুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষকবৃন্দ এবং কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির (ডুজা) আয়োজনে গত ২৪ মে ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র ক্যাফেটেরিয়ায় ইফতার মাহফিল ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। ডুজার সভাপতি রায়হানুল ইসলাম আবির-এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান এবং সম্মানিত অতিথি ছিলেন প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ। এসময় এমিরিটাস অধ্যাপক ড. সিরাজুল ইসলাম চৌধুরী, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মো. এনামউজ্জামান, প্রক্টর অধ্যাপক ড. এ কে এম গোলাম রব্বানী এবং ডুজার সাধারন সম্পাদক মাহদী আল মুহতাসিম নিবিড় উপস্থিত ছিলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদের অধ্যাপক ড. হাবিবুল্লাহ সম্মেলন কক্ষে গতকাল ২৭ মে ২০১৯ সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় বৃহত্তর ফরিদপুর জেলা সমিতির আয়োজনে এক ইফতার ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাবি বৃহত্তর ফরিদপুর জেলা সমিতির সভাপতি মো. আমিরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মো. জিয়া রহমান, বাংলাদেশ কুয়েত মৈত্রী হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ঢাবি সিনেট ও সিন্ডিকেট সদস্য এস এম বাহালুল মজনুন চুন্নু এবং বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এ্যাড. মোল্লা মো. আবু কাওছার। অনুষ্ঠান সঞ্চালনা করেন সমিতির সাধারণ সম্পাদক মঞ্জুর হোসেন।

বিশ্ব বাইসাইকেল দিবস উপলক্ষে বর্ণাঢ্য র‌্যালি

বিশ্ব বাইসাইকেল দিবস উপলক্ষে বাংলাদেশ সাইকেল লেন বাস্তবায়ন পরিষদের উদ্যোগে গত ২ জুন ২০১৯ ছাত্র-শিক্ষক কেন্দ্র প্রাঙ্গণ থেকে এক বর্ণাঢ্য সাইকেল র‌্যালি বের করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে র‌্যালি'র উদ্বোধন করেন।

উদ্বোধনী বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বলেন, জাতিসংঘে অনুষ্ঠিত ৭২তম নিয়মিত অধিবেশনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রতিবছর ৩ জুন বিশ্ব বাইসাইকেল দিবস পালন করা হয়ে থাকে। এবারে ২য় বারের মতো পালিত হলো এই দিবস। তিনি আরও বলেন, টেকসই উন্নয়নের বড় চ্যালেঞ্জ হলো দুষণমুক্ত নির্মল পরিবেশ সৃষ্টি করা। বাইসাইকেল এমন একটি বাহন যা সম্পূর্ণ পরিবেশবান্ধব।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ বাইসাইকেল লেন বাস্তবায়ন পরিষদের সভাপতি আমিনুল ইসলাম টুববুস।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিদের সাক্ষাৎ

জাপানের প্রতিনিধি দল

জাপানের ওকায়ামা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইউশিও মাদা-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৮ জুন ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- অধ্যাপক ড. মিউকি ইউশিকাওয়া, ড. ইয়াসুশি ইয়াবুচি এবং ড. ফুকুক। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারেবিলিটি স্টাডিজের পরিচালক অধ্যাপক ড. মাহবুবা নাসরীন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং জাপানের ওকায়ামা বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক-শিক্ষার্থী ও গবেষক বিনিময় নিয়ে আলোচনা করা হয়। যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ওকায়ামা বিশ্ববিদ্যালয়ের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ওপর গুরুত্বারোপ করেন।

সিআইএমপিএ প্রতিনিধিদল

ইন্টারন্যাশনাল সেন্টার ফর পিওর এন্ড অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স (সিআইএমপিএ) এর ৫জন প্রতিনিধি গত ১৩ জুন ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। সিআইএমপিএ প্রতিনিধিরা হলেন- অধ্যাপক ড. রিনাদ লিপলেডার, অধ্যাপক ড. লিডিয়া ফার্নান্দেজ রদ্রিগেজ, অধ্যাপক নিকোলাস বেদারাইড, অধ্যাপক ইসাবেল রিওস এবং অধ্যাপক সিলভেইন মুসেট। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদার, অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম এবং অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সিআইএমপিএ'র মধ্যে চলমান গণিত বিষয়ক শিক্ষা ও গবেষণা কার্যক্রম আরও গতিশীল করার বিষয়ে আলোচনা করেন। উপাচার্য শিক্ষা ও গবেষণার মানোন্নয়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিশ্বের অন্যান্য খ্যাতিমান বিশ্ববিদ্যালয় ও গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে আরও বেশী যৌথ শিক্ষা ও গবেষণা প্রকল্প গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, সিআইএমপিএ হচ্ছে ফ্রান্স, সুইজারল্যান্ড, স্পেন ও নরওয়ে ভিত্তিক একটি অলাভজনক আন্তর্জাতিক সংস্থা। উন্নয়নশীল দেশসমূহে গণিত গবেষণা বিকাশের লক্ষ্যে ১৯৭৮ সালে ফ্রান্সে এই সংস্থা প্রতিষ্ঠা করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে চলমান "Research School on Dynamical Systems and its Applications to Biology" শীর্ষক গণিত গবেষণা বিষয়ক আন্তর্জাতিক কর্মশালায় যোগ দিতে সিআইএমপিএ প্রতিনিধিরা বর্তমানে বাংলাদেশ সফর করছেন। ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ, ইন্টারন্যাশনাল সেন্টার ফর পিওর এন্ড অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন যৌথভাবে এই কর্মশালার আয়োজন করেছে। আগামী ২১ জুন ২০১৯ এই কর্মশালা শেষ হবে।

জাপানের ওকায়ামা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. ইউশিও মাদা-এর নেতৃত্বে ৪-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ৮ জুন ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর বাসভবনস্থ কার্যালয়ে সাক্ষাৎ করেছে।

ইন্টারন্যাশনাল সেন্টার ফর পিওর এন্ড অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স (সিআইএমপিএ) এর ৫জন প্রতিনিধি গত ১৩ জুন ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছেন।

গণিত গবেষণা বিষয়ক ১২ দিনব্যাপী আন্তর্জাতিক কর্মশালা

উন্নয়নশীল দেশসমূহে গণিত গবেষণার উৎকর্ষ সাধনের লক্ষ্যে "Research School on Dynamical Systems and its Applications to Biology" শীর্ষক গণিত গবেষণা বিষয়ক আন্তর্জাতিক কর্মশালা গত ১০ জুন ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয় এ এফ মুজিবুর রহমান গণিত ভবনে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ১২ দিনব্যাপী এই আন্তর্জাতিক কর্মশালার উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগ, ইন্টারন্যাশনাল সেন্টার ফর পিওর এন্ড অ্যাপ্লাইড ম্যাথমেটিক্স এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন যৌথভাবে এই কর্মশালার আয়োজন করেছে।

ঢাকা বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. অমল কৃষ্ণ হালদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি প্রধান অতিথি এবং বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি অনিক বর্ডিন, সিআইএমপিএ প্রতিনিধি অধ্যাপক ড. রিনাদ লিপলেডিওর, অধ্যাপক ড. লিডিয়া ফার্নান্দেজ রদ্রিগেজ এবং এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনের ট্রাস্টি এম নুরুল আলম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। সিআইএমপিএ রিসার্চ স্কুলের স্থানীয় সমন্বয়কারী অধ্যাপক ড. মো. শহীদুল ইসলাম ধন্যবাদ জ্ঞাপন করেন। অধ্যাপক ড. চন্দ্রনাথ পোদ্দার অনুষ্ঠান সঞ্চালন করেন।

শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, এমপি শিক্ষার্থীদের কাছে গণিতকে আরও জনপ্রিয় করার ওপর গুরুত্বারোপ করে বলেন, গণিতকে সহজ ও বোধগম্য করে উপস্থাপনের ক্ষেত্রে পেশাজীবী, শিক্ষাবিদ ও গবেষকদের কার্যকর ভূমিকা পালন করতে হবে। বাংলাদেশে শিক্ষা খাতের উন্নয়নে তিনি সিআইএমপিএ প্রতিনিধিদের সহযোগিতা চান।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান গণিতকে বিজ্ঞানের মা হিসেবে বর্ণনা করে বলেন, বিজ্ঞান গবেষণার উন্নয়নে গণিত শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আন্তর্জাতিক এই কর্মশালা গণিত বিষয়ক যৌথ গবেষণা প্রকল্প গ্রহণের ক্ষেত্রে গবেষক ও গণিতবিদদের জন্য একটি কমন প্ল্যাটফর্ম তৈরি করবে বলে তিনি আশা প্রকাশ করেন।

বাংলাদেশে নিযুক্ত ফ্রান্সের রাষ্ট্রদূত ম্যারি অনিক বর্ডিন সমাজের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় এবং বিশ্বের বিভিন্ন খ্যাতিমান বিশ্ববিদ্যালয়ের মধ্যে যৌথ সহযোগিতামূলক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশের গণিত শিক্ষার উন্নয়নে ফ্রান্স সরকারের সাহায্য ও সহযোগিতা অব্যাহত থাকবে বলেও তিনি আশ্বাস দেন।

উল্লেখ্য, বাংলাদেশ, ভারত, পাকিস্তান, ফ্রান্স, জার্মানী, ব্রাজিল, অস্ট্রিয়া, কম্বোডিয়া, ঘানা, মিশর, চীন, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া ও নেপালের শিক্ষক ও গবেষকগণ এই কর্মশালায় অংশগ্রহণ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় ফিন্যান্স বিভাগের সহকারী অধ্যাপক মো. সাইমুম হোসেন-এর নেতৃত্বে বিজনেস স্টাডিজ অনুষদের শিক্ষার্থীদের ৫-সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল এইচ. এস. বি. সি বিজনেস কেইস কম্পিটিশনে অংশ নিতে হংকং গমন করেন। হংকং সফরের প্রাক্কালে দলটি গত ২৯ মে ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেছে। এসময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম উপস্থিত ছিলেন।

গত ২৯ মে ২০১৯ উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান রাশিয়ার বিখ্যাত লেখক ও কবি আলেকজান্ডার এস পুশকিন-এর ২২০তম জন্মবার্ষিকী উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অবস্থিত পুশকিনের ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন। এসময় ঢাকাস্থ রাশিয়ার বিজ্ঞান ও সংস্কৃতি কেন্দ্রের পরিচালক আলেকজান্ডার পি. ডেমিনসহ কেন্দ্রের শিক্ষক-শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

আইসিই সেন্টারের উদ্যোগে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড অন্ট্রাপ্রানারশিপ সেন্টার (আইসিই) এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তরের যৌথ উদ্যোগে "Intellectual Property Rights (IPR): Awareness and Preparation for the Inventors and Entrepreneurs" শীর্ষক এক সেমিনার গত ২৯ এপ্রিল ২০১৯ বিজনেস স্টাডিজ অনুষদ সভাকক্ষে অনুষ্ঠিত হয়। বিশ্ব মেধাসত্ব দিবস উপলক্ষে এই সেমিনার আয়োজন করা হয়। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. হাসিনা খান, আইবিএ'র পরিচালক অধ্যাপক ড. সৈয়দ ফারহাত আনোয়ার, ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগের সুপারনিউমারারি অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, শিল্প মন্ত্রণালয়ের পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্ক অধিদপ্তরের রেজিস্ট্রার (অতিরিক্ত সচিব) মোহাম্মদ সানোয়ার হোসেইন আইসিই সেন্টারের নির্বাহী পরিচালক মো. রাশেদুর রহমান, ঢাকা বিশ্ববিদ্যালয় আইন বিভাগের প্রভাষক মোহাম্মদ গোলাম সারোয়ার প্রমুখ বক্তব্য রাখেন।

আমার উদ্ভাবন, আমার স্বপ্ন : ঢাকা বিশ্ববিদ্যালয় ইনোভেশন, ক্রিয়েটিভিটি এন্ড অন্ট্রাপ্রানারশিপ সেন্টার (আইসিই) এর উদ্যোগে "Student To Startup-Chapter 1 (DU Round)" গত ২৭ ও ২৮ এপ্রিল ২০১৯ অনুষ্ঠিত হয়। "আমার উদ্ভাবন, আমার স্বপ্ন" স্লোগানকে সামনে রেখে আইসিটি ডিভিশনের আইডিয়া প্রজেক্ট, সিআরআই, ইয়ং বাংলা, স্টার্টআপ বাংলাদেশ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর সহযোগিতায় এই অনুষ্ঠান আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ এবং তথ্য-প্রযুক্তি মন্ত্রী মোস্তফা জব্বার। আইসিই সেন্টারের নির্বাহী পরিচালক মো. রাশেদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, অধ্যাপক ড. খন্দকার বজলুল হক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক পার্থ প্রতিম দেব, আইডিয়া প্রজেক্টের পরিচালক সৈয়দ মুজিবুল হক এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক রাশিদুল হাসান।

ঢাবি'র প্রধান প্রকৌশলী হিসেবে আহমেদুল কবীরের যোগদান

জনাব আহমেদুল কবীর গত ১২ জুন ২০১৯ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রধান প্রকৌশলী হিসেবে যোগদান করেছেন।

তিনি ১৯৬৪ সালের ২৭ আগস্ট জয়পুরহাট জেলার আক্কেলপুর উপজেলার দেবীসাউল গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি রাজশাহী ক্যাডেট কলেজ থেকে ১৯৮০ সালে এসএসসি এবং ১৯৮২ সালে এইচএসসি পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হন। এরপর ১৯৮৪ সালের ২১ ডিসেম্বর তিনি ১১তম বিএমএ লং কোর্স-এর অফিসার হিসেবে কোর অব ইঞ্জিনিয়ার্সে কমিশন প্রাপ্ত হন।

জনাব কবীর স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদফতরের প্রধান প্রকৌশলী এবং খুলনা ডেভেলপমেন্ট অথরিটি'র চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। এছাড়া, তিনি সার্ভে অব বাংলাদেশ-এর পরিচালকসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন।

আইবিএ-এর এক্সিকিউটিভ এমবিএ ভর্তি পরীক্ষা

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের এক্সিকিউটিভ এমবিএ ভর্তি পরীক্ষা গত ১৭ মে ২০১৯ ইনস্টিটিউটের পরীক্ষা কেন্দ্রে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান আইবিএ ভবনের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এসময় প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. সৈয়দ ফারহাত আনোয়ার, বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, উক্ত ভর্তি পরীক্ষায় ৪০টি আসনের জন্য ২৫৫জন ভর্তিচ্ছু পরীক্ষার্থী অংশগ্রহণ করেন।

জাতীয় কবির জন্মবার্ষিকী উদ্‌যাপিত

যথাযোগ্য মর্যাদায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে গত ১১ জ্যৈষ্ঠ ১৪২৬ বাংলা/২৫ মে ২০১৯ জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২০তম জন্মবার্ষিকী উদ্‌যাপিত হয়েছে। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল "নজরুল চেতনায় বঙ্গবন্ধুর বাংলাদেশ।"

এ উপলক্ষে সকালে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের নেতৃত্বে বিশ্ববিদালয়ের শিক্ষক, ছাত্র-ছাত্রী ও কর্মকর্তা-কর্মচারীগণ শোভাযাত্রাসহকারে কবির সমাধিতে যান এবং কবির সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

পরে কবির মাজার প্রাঙ্গণে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামানের সভাপতিত্বে এক স্মরণ সভা অনুষ্ঠিত হয়। এতে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জাতীয় অধ্যাপক ড. রফিকুল ইসলাম, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন এবং ঢাবি নজরুল গবেষণা কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. বেগম আকতার কামাল। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান। বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. ভীষ্মদেব চৌধুরী অনুষ্ঠান সঞ্চালন করেন। অনুষ্ঠানে নজরুল সংগীত পরিবেশন করেন সংগীত বিভাগের শিক্ষক ড. মহসিনা আক্তার খানম (লীনা তাপসী), খায়রুল আনাম শাকিলসহ বিভাগের শিক্ষার্থীরা।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভাপতির বক্তব্যে জাতীয় কবি কাজী নজরুল ইসলামকে অসাম্প্রদায়িক চেতনার, সম্প্রীতির, সাম্যের ও মানবতার কবি হিসেবে আখ্যায়িত করে বলেন, তিনি সব সময় অন্যায়-অত্যাচারের বিরুদ্ধে ও অসাম্যের বিরুদ্ধে দৃঢ়ভাবে প্রতিবাদী ছিলেন। তাঁর লেখা গান, কবিতা, গল্প ও উপন্যাস আমাদের স্বাধীনতা যুদ্ধে সকলকে উদ্বুদ্ধ করেছেন।

মুস্তাফিজুর রহমান খান-সালেহা খানম মেমোরিয়াল বৃত্তি পেলেন ৫ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগ এবং উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগে অধ্যয়নরত ৫জন মেধাবী শিক্ষার্থী 'মুস্তাফিজুর রহমান খান-সালেহা খানম মেমোরিয়াল বৃত্তি, ২০১৭-১৮' লাভ করেছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের নওশিন তাবাচ্ছুম ও মো. আতিকুর রহমান এবং ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের শুভ কস্তা, আল-হাসান ও মিতা রানী পাল।

গত ১৫ মে ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা প্রফেসর মাহফুজা খানম, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম. পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছাত্তার, আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হক, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. সানজীদা আখতার, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আবু তালেব এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, তোমাদের ভবিষ্যত কর্মজীবনে এই বৃত্তির একটি প্রভাব থাকবে। এটি অন্যদের জন্য একটি অনুপ্রেরণার উৎস হয়েও থাকবে। ঢাকা বিশ্ববিদ্যালয় অসাম্প্রদায়িক, উদার ও নৈতিক মূল্যবোধ লালন করে। শিক্ষার্থীদের জীবনে মেধার পাশাপাশি এসব মূল্যবোধেরও বিকাশ ঘটবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান, আইন, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স এবং উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিষয়ে স্নাতক (সম্মান) পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জনকারী ছাত্র এবং ছাত্রীকে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত অবস্থায় এই বৃত্তি প্রদান করা হয়।

ঢাবি ছায়ানীড় শিশু যত্ন কেন্দ্রে শিশুদের প্রতীকী জন্মদিন পালন

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটে অবস্থিত ছায়ানীড় শিশু যত্ন কেন্দ্রের শিশুদের প্রতীকী জন্মদিন পালন করা হয়েছে। এ উপলক্ষে গত ২১ মে ২০১৯ ছায়ানীড় শিশু যত্ন কেন্দ্রের শিশুদের সাথে কেক কেটে জন্মদিন উদ্‌যাপন করেন প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এসময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক সৈয়দা তাহমিনা আখতার, কেন্দ্রের পরিচালক অধ্যাপক ড. মো. আব্দুল হালিম, প্রাক্তন পরিচালক অধ্যাপক ড. নূরজাহান সরকার এবং অধ্যাপক ড. নূরুন্নাহার ফয়জুন্নেসার কন্যা নাজিয়া জাবিন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান অধ্যাপক ড. নূরুন্নাহার ফয়জুন্নেসার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, অধ্যাপক ড. নূরুন্নাহার ফয়জুন্নেসা এই ছায়ানীড় শিশু যত্ন কেন্দ্র প্রতিষ্ঠা করেন। শিশুদের সাথে সময় কাটানো বা শিশুদের জন্য কিছু করা সৌভাগ্যের ব্যাপার। তাই এই কেন্দ্রের সাথে যারা জড়িত তারা সৌভাগ্যবান। তিনি বলেন শিশুদের যদি আমরা ভালবাসা ও মমতা দিতে পারি তাহলে তারা ভাল মূল্যবোধ নিয়ে বড় হবে।

উল্লেখ্য, ২১ মে অধ্যাপক ড. নূরুন্নাহার ফয়জুন্নেসার জন্মদিন উপলক্ষে এই কেন্দ্রের শিশুদের প্রতীকী জন্মদিন পালন করা হয়।

প্রফেসর মাহফুজা খানম-ব্যারিস্টার শফিক আহমেদ বৃত্তি পেলেন ঢাবি'র ৪ শিক্ষার্থী

ঢাকা বিশ্ববিদ্যালয় পদার্থ বিজ্ঞান বিভাগ এবং আইন বিভাগে অধ্যয়নরত মেধাবী ৪জন শিক্ষার্থী 'প্রফেসর মাহফুজা খানম-ব্যারিস্টার শফিক আহমেদ বৃত্তি, ২০১৭-১৮' লাভ করেছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন পদার্থ বিজ্ঞান বিভাগের- মো. বোরাক উর রহমান রনো এবং আইন বিভাগের মো. জাহিদ-আল-মামুন, সাইমি ওয়াদুদ ও মাকসুদা সরকার। গত ১৫ মে ২০১৯ উপাচার্য লাউঞ্জে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান শিক্ষার্থীদের হাতে বৃত্তির চেক তুলে দেন।

বৃত্তি প্রদান অনুষ্ঠানে ট্রাস্ট ফান্ডের দাতা প্রফেসর মাহফুজা খানম, বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম. পদার্থ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আবদুস ছাত্তার, আইন বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাইমা হক, উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগের চেয়ারপার্সন ড. সানজীদা আখতার, ব্যাংকিং এন্ড ইন্স্যুরেন্স বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মো. আবু তালেব এবং বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মো. এনামউজ্জামান উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়ে বলেন, এই বৃত্তি তোমাদের ভবিষ্যত জীবনে একটি উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। এটি অন্য শিক্ষার্থীদেরকে অনুপ্রাণিত ও উৎসাহিত করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় যে অসাম্প্রদায়িক, উদার ও নৈতিক মূল্যবোধ লালন করে, তা শিক্ষার্থীদের জীবনে মেধার পাশাপাশি প্রতিফলিত হবে বলে উপাচার্য আশা প্রকাশ করেন।

পবিত্র শব-ই-বরাত উপলক্ষে গত ২১ এপ্রিল ২০১৯ বাদ আছর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদ-'মসজিদুল জামি'আয়' এক আলোচনা সভা, মিলাদ ও দোয়া মাহ্‌ফিল অনুষ্ঠিত হয়েছে। এতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এতে প্রধান আলোচক ছিলেন বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ আবদুর রশিদ এবং আলোচক ছিলেন 'মসজিদুল জামি'আর সিনিয়র ইমাম খতীব ড সৈয়দ মুহাম্মদ এমদাদ উদ্দীন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে গত ১৪ মে ২০১৯ পলাশী এলাকায় বিশ্ববিদ্যালয়ের ৩য় শ্রেণী কর্মচারীদের আবাসনের জন্য ২০-তলা বিশিষ্ট "শেখ কামাল টাওয়ার"-এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

সম্পাদক: মাহমুদ আলম, পরিচালক (ভারপ্রাপ্ত), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মো: আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম এবং মোঃ নজরুল ইসলাম
ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০০, ০১৭৫৮৪৯২৪১৫